

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০৬/২০২০

তারিখ : জুলাই ২৯, ২০২০  
শ্রাবণ ১৪, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঈদ-উল-আযহা উৎসবকালীন সময়ে Automated Teller Machine (ATM), Point of Sale (POS), Online e-Payment Gateway/Internet Banking, Mobile Financial Services (MFS) এর মাধ্যমে নিরবচ্ছিন্ন লেনদেন নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-আযহা-এর ছুটিতে Automated Teller Machine (ATM), Point of Sale (POS), Online e-Payment Gateway/Internet Banking এবং Mobile Financial Services (MFS)-এর মাধ্যমে গ্রাহকগণ যাতে নিরবচ্ছিন্ন লেনদেন করতে পারেন এবং একইসাথে আপনাদের পরিচালিত সিস্টেমসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণসহ সার্বিক ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে :

**১. Automated Teller Machine (ATM) এর ক্ষেত্রে :**

- সার্বক্ষণিক ATM সেবা নিশ্চিত করা;
- ATM -এ কোন প্রকার কারিগরি ত্রুটি দেখা দিলে তা দ্রুততম সময়ের মধ্যে নিরসনের ব্যবস্থা গ্রহণ করা;
- ATM বুথে পর্যাপ্ত টাকা সরবরাহ নিশ্চিত করা;
- ATM বুথে সার্বক্ষণিক পাহারাদারের সতর্ক অবস্থানসহ অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা;

**২. Point of Sale (POS)-এর ক্ষেত্রে :**

- সার্বক্ষণিক POS সেবা নিশ্চিত করা;
- জাল জালিয়াতি রোধে মার্চেন্ট এবং গ্রাহককে সচেতন করা;

**৩. Online e-Payment Gateway/Internet Banking-এর ক্ষেত্রে :**

- Online e-Payment Gateway-তে কার্ডভিত্তিক “Card not Present” এবং account এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের ক্ষেত্রে Two Factor Authentication (2FA) ব্যবস্থা আবশ্যিকভাবে নিশ্চিত করা;

**৪. Mobile Financial Services (MFS)-এর ক্ষেত্রে :**

- Mobile Financial Services (MFS) প্রদানকারী সকল ব্যাংক বা তাদের সাবসিডিয়ারি কোম্পানীসমূহ কর্তৃক নিরবচ্ছিন্ন লেনদেন এবং এজেন্ট পয়েন্টে পর্যাপ্ত পরিমাণ নগদ টাকা সরবরাহ নিশ্চিত করা;

**৫. বিবিধ :**

- ঈদের ছুটিকালীন সময়ে ব্যাংকসমূহ কর্তৃক উপরোক্ত সেবার আওতার সিস্টেমসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করাসহ ঝুঁকি মোকাবেলা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- উপরোক্ত সেবার আওতায় যে কোন অংকের লেনদেনের তথ্য এসএমএস এলাট সার্ভিসের মাধ্যমে গ্রাহককে অবহিত করা;
- ইলেকট্রনিক পদ্ধতিতে সকল ধরনের পরিশোধ সেবার ক্ষেত্রে গ্রাহকগণের সতর্কতা অবলম্বনের জন্য গণ-মাধ্যমে বিভিন্ন রকম প্রচার-প্রচারণার ব্যবস্থা করা;
- এ সকল লেনদেনের ক্ষেত্রে কোন অবস্থাতেই গ্রাহক যেন হয়রানির শিকার না হয় তার ব্যবস্থা গ্রহণ করা এবং সার্বক্ষণিক Help Line সহায়তা প্রদান করা;
- এ বিভাগ হতে ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্রের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করা।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৬১১